

কবিতা



লেখক: কৌশিক দত্ত

EMAIL: kausik.datta@gmail.com

আগামীকাল হলো অন্য একটি দিন

পূর্বের আকাশে প্রথম রবিরশ্মির ছোঁওয়া পেয়ে
চোখ মেলে এক নতুন দিন –

নতুন আশা, নতুন স্বপ্ন, নতুন হাসি গান।

আধো আধো আলোর শিশু সকাল

চঞ্চল একঝাঁক পায়রার মতো ডানা মেলে
প্রাণের খুশীতে উড়ে বেড়ায়।

বেলা যায় বয়ে, সকাল গড়িয়ে আসে দুপুর।

আলোর আদরে বড় হয়ে ওঠা পূর্ণযুবক দিনের

ললাটতিলকে জ্বলে মধ্যগগনে উল্লীত সূর্য।

পটপরিবর্তনের সঙ্গে পাল্লা দিয়ে কর্মরথ এগিয়ে চলে,

চলে চিরন্তন ভালো মন্দের দ্বন্দ্ব।

ক্রমশঃ বার্ষিক্যের ছায়া পড়ে দিনে।

নিঃস্বুম শ্রান্তির ভারে অবসন্ন দিন

সূর্যেরই সাথে চলে পড়ে পশ্চিমদিগন্তের অন্তরালে –

বিকেল মিশে যায় সন্ধ্যায়।

ফুটে ওঠে তারা, ঝিকিঝিকি আলায়

সাজিয়ে তোলে রাত্রিকে।

একাকিনী নিশীথিনী চলে অভিসারে,

পথশেষে পূর্বাকাশে

হবে দয়িতসাথে মধুর মিলন।

আত্মায় আত্মা হবে লীন –

আনন্দোচ্ছ্বাসে জন্ম নেবে আর এক নতুন দিন।

জন্মজন্মান্তর ধরে মহাকালের এই মহালীলা

সময় চলে এগিয়ে – অনন্ত সে যাত্রা।

একই পথের পথিক আমিও,

সময়স্রোতে ভেসে যাই।

সূর্য ওঠে, সূর্য ডোবে, দিন চলে যায় –

সময় থাকেনা থেমে।

কিন্তু,

তবু মনের মাঝে পাইনা সাড়া,

সময় গতির ছন্দ লাগে অর্থহীন!

তোমায় দেখে দিনের শুরু, তোমায় দেখে দিনের শেষ

তুমি যখন থাক পাশে, সময় বয় ঝড়ের বেগে।

দিনের শেষে বিদায় নাও, আমার চোখে রাত্রি নামে।

সে রাত কাটেনা – অন্তহীন।

কেন এমন হয়?